FBCCI
THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

## এফবিসিসিআই নির্বাচন বোর্ড

১৮ জুন, ২০২৫

এফবিসিসিআই/নির্বাচন বোর্ড/২০২৫-২৭/০২

**সকল সদস্য সংগঠন (চেম্বার ও এসোসিয়েশন)**
**দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)**

### এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৫-২৬ ও ২০২৬-২৭) বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য সংগঠন আইন-২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ মোতাবেক এফবিসিসিআই-এর ২০২৫-২৬ ও ২০২৬-২৭ মেয়াদের জন্য **সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদে নির্বাচন আগামী ৭ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ, রবিবার** সংযুক্ত **নির্বাচন তফসিল** (সংযুক্তি-১) অনুযায়ী অনুষ্ঠিত হবে। নির্বাচন সম্পর্কিত নির্দেশনাবলী নিম্নে দেয়া হলো:

১. (ক) ২০২৫-২৬ ও ২০২৬-২৭ এর জন্য ২(দুই) বছর মেয়াদী এফবিসিসিআই-এর **সাধারণ পরিষদ (General Body) গঠনের লক্ষ্যে** নির্বাচন তফসিলে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী সকল বাণিজ্য সংগঠনসমূহকে **মনোনীত প্রতিনিধিদের তালিকা** এফবিসিসিআই নির্বাচন বোর্ডের নিকট প্রেরণ করতে হবে।

(খ) ফেডারেশনের সাধারণ পরিষদ, ফেডারেশনের অধিভুক্ত এসোসিয়েশন ও চেম্বারের নিম্নরূপ প্রতিনিধি সমন্বয়ে গঠিত হবে:

| | | |
|---|---|---|
| এসোসিয়েশন | 'ক' শ্রেণীভুক্ত | ৫ (পাঁচ) জন |
| | 'খ' শ্রেণীভুক্ত | ৩ (তিন) জন |
| চেম্বার | 'ক' শ্রেণীভুক্ত | ৬ (ছয়) জন |
| | 'খ' শ্রেণীভুক্ত | ৪ (চার) জন |

(গ) ফেডারেশনের অধিভূক্ত প্রতিটি এসোসিয়েশন ও চেম্বার অনুচ্ছেদ ১ (খ)-তে বর্ণিত সংখ্যা মোতাবেক এফবিসিসিআই সাধারণ পরিষদে প্রতিনিধি মনোনয়ন প্রদান করবে।

(ঘ) ফেডারেশনের অধিভুক্ত এসোসিয়েশন ও চেম্বারসমূহের **নির্বাচিত সভাপতি/চেয়ারম্যানকে পদাধিকারবলে ফেডারেশনের সাধারণ পরিষদের সদস্য হিসাবে আবশ্যিকভাবে মনোনয়ন দিতে হবে**। এই মনোনয়ন অনুচ্ছেদ-১(খ)-তে বর্ণিত সংখ্যার মধ্যেই অন্তর্ভুক্ত থাকবে।

(ঙ) উল্লেখ্য যে, কোনো বাণিজ্য সংগঠনের সভাপতি/চেয়ারম্যান পদ হতে অব্যাহতি পাওয়া সত্ত্বেও তিনি সংশ্লিষ্ট মেয়াদে ফেডারেশনের সাধারণ পরিষদ সদস্য হিসাবে বহাল থাকবেন।

(চ) একই ব্যক্তি একাধিক বাণিজ্য সংগঠনের সভাপতি বা চেয়ারম্যান পদে অধিষ্ঠিত থাকলে তিনি কেবল একটি বাণিজ্য সংগঠনের প্রতিনিধি হিসাবে ফেডারেশনের সাধারণ পরিষদের সদস্য হবেন। এক্ষেত্রে তার সভাপতিত্বে পরিচালিত অন্য সংগঠনের ক্ষেত্রে সংগঠনের সংঘবিধি অনুযায়ী কার্যনির্বাহী পরিষদ বা পরিচালনা পর্ষদের **পরবর্তী জ্যেষ্ঠ সদস্য পদাধিকারবলে** এফবিসিসিআইয়ের সাধারণ পরিষদ সদস্য হতে পারবেন।

২. (ক) চেম্বার ও এসোসিয়েশনসমূহ ফেডারেশনের সাধারণ পরিষদে নির্ধারিত সংখ্যক প্রতিনিধি মনোনয়নের জন্য সদস্য প্রতি **এককালীন দ্বিবার্ষিক নিবন্ধন ফি ২০,০০০ (বিশ হাজার) টাকা** প্রদানপূর্বক (পে অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ) ফেডারেশনের নির্বাচন বোর্ডের দপ্তর হতে **নির্বাচন বোর্ডের সকল সদস্যের স্বাক্ষরিত মনোনয়ন ফরম** সংগ্রহ করবে।

(খ) এককালীন নিবন্ধন ফি'র সাথে **ভোটার লিস্ট বই সম্পাদন ও সদস্যদের নিকট সরবরাহের জন্য সদস্য প্রতি আবশ্যিকভাবে ১,৫০০/- (পনের শত) টাকা** পরিশোধ (পে অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ) করতে হবে।



FBCCI ICON
60 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh

Phone : +88-02-223381470, 223350002
PABX : +88-02-223381233, 223380103
Fax : +88-02-223355902

E-mail : secretariat@fbcci.org
web : fbcci.org

CamScanner

(গ) মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক **সংশ্লিষ্ট সংগঠনের সভাপতি/চেয়ারম্যানের স্বাক্ষরসহ** নিম্নবর্ণিত ডকুমেন্টস **নোটারি পাবলিক কর্তৃক সত্যায়িত** করে তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নির্বাচন বোর্ডের নিকট দাখিল করতে হবে:

(১) পূরণকৃত মনোনয়ন ফরম;

(২) মনোনীত প্রতিনিধিদের হালনাগাদ (২০২৪-২৫) বৈধ ট্রেড লাইসেন্স;

(৩) মনোনীত প্রতিনিধিদের হালনাগাদ (২০২৪-২৫ কর বছর) কর পরিশোধের সার্টিফিকেট;

(৪) মনোনীত প্রতিনিধিদের জাতীয় পরিচয়পত্রের কপি;

(৫) ফেডারেশনের সাধারণ পরিষদে প্রতিনিধি মনোনয়নের সিদ্ধান্তের বিষয়ে নির্বাহী কমিটি/পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী (সংগঠনের সভাপতি কর্তৃক স্বাক্ষরিত);

(৬) এককালীন দ্বিবার্ষিক নিবন্ধন ফি ও ভোটার লিস্ট বই বাবদ ফি পরিশোধের এফবিসিসিআই-এর রশিদ;

(৭) বাণিজ্য সংগঠনের হালনাগাদ বার্ষিক চাঁদা পরিশোধের এফবিসিসিআই-এর রশিদ;

(ঘ) উল্লিখিত ডকুমেন্টস-এর সাথে মনোনীত প্রতিনিধির রঙিন ৩ কপি পাসপোর্ট সাইজ ও ৩ কপি স্ট্যাম্প সাইজ ছবি প্রদান করতে হবে। প্রত্যেক প্রতিনিধির এক কপি পাসপোর্ট সাইজ ছবি মনোনয়ন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(ঙ) মনোনীত প্রতিনিধিদের তালিকা (নির্ধারিত ফরমে) হার্ডকপি দাখিল করতে হবে এবং উক্ত তালিকার সফট কপি নির্বাচন বোর্ডের ই-মেইল (fbcci.electionboard2025@gmail.com) এ প্রেরণ করতে হবে। তফসিলে উল্লিখিত সময়সীমার পর সাধারণ পরিষদের জন্য কোন মনোনয়ন সংক্রান্ত কাগজপত্র গ্রহণ করা হবে না।

(চ) সাধারণ পরিষদের জন্য নির্ধারিত মনোনয়ন ফরম কোন কারণে হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে নির্বাচন বোর্ড বরাবর আবেদনের সাথে ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধপূর্বক ডুপ্লিকেট ফরম সংগ্রহ করা যাবে।

(ছ) কোন ব্যক্তি ফেডারেশনের সাধারণ পরিষদ সদস্য হিসেবে একের অধিক কোন সংগঠনের প্রতিনিধিত্ব করতে পারবে না।

৩. ফেডারেশনের সাধারণ পরিষদের জন্য প্রেরিতব্য মনোনীত প্রতিনিধিদের তালিকা ও অনুচ্ছেদ-২ তে বর্ণিত ডকুমেন্টস-এর সাথে সকল চেম্বার ও এসোসিয়েশনকে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়িত সনদের মাধ্যমে নিম্নবর্ণিত ডকুমেন্টস সরাসরি নির্বাচন বোর্ডের নিকট দাখিল করতে হবে :

(ক) সংশ্লিষ্ট সংগঠনের হালনাগাদ নির্ধারিত নির্বাচন প্রতিবেদন:

(খ) সংশ্লিষ্ট সংগঠনের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের প্রতিবেদন;

(গ) সংশ্লিষ্ট সংগঠনের বার্ষিক আয়-ব্যয়ের অডিট প্রতিবেদন;

(ঘ) মহাপরিচালক, রেজিষ্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানি এবং ফেডারেশনের নিকট দাখিল করা হালনাগাদ নথিপত্র;

(ঙ) নির্বাচনী তফসিল অনুসারে মনোনীত প্রতিনিধিদের তালিকা।

৪. প্রশাসক কর্তৃক পরিচালিত বা সরকার কর্তৃক ঘোষিত সুপ্ত বাণিজ্য সংগঠন ফেডারেশনের সাধারণ পরিষদে সদস্য হতে পারবে না।

৫. যে সকল সদস্য সংগঠনের ভোটাধিকার নেই, সে সকল সংগঠন ফেডারেশনের সাধারণ পরিষদে প্রতিনিধি মনোনয়ন দিতে পারবে না এবং ভোটে অংশগ্রহণ করতে পারবে না।

৬. ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ মেয়াদের **নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে** সদস্য হয়েছেন বা **নির্বাচনের তারিখের পূর্ববর্তী ৬০ (ষাট)তম দিন পর্যন্ত** ফেডারেশনের প্রাপ্য চাঁদা বকেয়া রেখেছেন, এরূপ কোনো সদস্য সংগঠন ফেডারেশনের নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না।

৭. (ক) ফেডারেশনের পরিচালনা পরিষদের মেয়াদ হবে দায়িত্ব গ্রহণের তারিখ হতে ২৪ (চব্বিশ) মাস। ফেডারেশনের পরিচালনা পরিষদ নিম্নরূপে গঠিত হবে ঃ

| | |
|---|---|
| সভাপতি | ১ জন |
| সিনিয়র সহ-সভাপতি | ১ জন |
| সহ-সভাপতি | ২ জন |
| চেম্বার হতে নির্বাচিত পরিচালক | ১৫ জন |
| এসোসিয়েশন হতে নির্বাচিত পরিচালক | ১৫ জন |
| চেম্বার হতে মনোনীত পরিচালক | ৫ জন |
| এসোসিয়েশন হতে মনোনীত পরিচালক | ৫ জন |
| উইমেন চেম্বার হতে মনোনীত পরিচালক | ১ জন |
| উইমেন এসোসিয়েশন থেকে মনোনীত পরিচালক | ১ জন |
| **মোট** | **৪৬ জন** |



CamScanner

(খ) নির্বাচিত সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকগণ ফেডারেশনের প্রথম সভায় ইহার অন্তর্ভুক্ত চেম্বার ও এসোসিয়েশনের বিনিয়োগের পরিমাণ, কর্মসংস্থান এবং বার্ষিক প্রদত্ত রাজস্বের পরিমাণ বিবেচনাক্রমে, উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে চেম্বারসমূহ হতে ৫ (পাঁচ) জন পরিচালক, এসোসিয়েশনসমূহ হতে ৫ (পাঁচ) জন পরিচালক, উইমেন চেম্বার হতে ১ (এক) জন পরিচালক এবং উইমেন এসোসিয়েশন হতে ১ (এক) জন পরিচালক মনোনীত করিবেন।

(গ) কোনো চেম্বার বা এসোসিয়েশন হতে একজনের অধিক পরিচালক মনোনয়ন দেয়া যাবে না এবং মনোনীত পরিচালকগণকে অবশ্যই ফেডারেশনের সাধারণ পরিষদ সদস্য হতে হবে।

৮. (ক) ফেডারেশনের পরিচালনা পর্ষদের নিম্নোক্ত পদসমূহের জন্য নির্বাচন তফসিলে বর্ণিত সময়সীমার মধ্যে নির্বাচন বোর্ডের নিকট মনোনয়ন জমা দিতে হবে :

| পদ | পদের সংখ্যা |
|---|---|
| সভাপতি | ১টি |
| সিনিয়র সহ-সভাপতি | ১টি |
| সহ-সভাপতি<br>(এসোসিয়েশন হতে ১ জন, চেম্বার হতে ১ জন) | ২টি |
| চেম্বার হতে নির্বাচিত পরিচালক | ১৫টি |
| এসোসিয়েশন হতে নির্বাচিত পরিচালক | ১৫টি |
| **মোট** | **৩৪টি** |

(খ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন হতে তফসিলে বর্ণিত তারিখ পর্যন্ত অফিস সময়ে নির্বাচন বোর্ডের অফিস থেকে সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদের নমিনেশন ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে।

৯. কোন ব্যক্তি ফেডারেশনের নির্বাচনে কোন পদে প্রার্থী হতে পারবেন না যদি তিনি (ক) ঋণ খেলাপি হোন বা (খ) কর খেলাপি হোন বা (গ) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদন্ডে দন্ডিত হোন এবং মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হয় বা (ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হয়ে থাকেন বা (ঙ) কোন আদালত কর্তৃক দেউলিয়া বলে ঘোষিত হয় বা দেউলিয়া হিসেবে ঘোষিত হওয়ার জন্য আবেদন করে থাকেন।

১০. (ক) নির্বাচনের সকল পদের প্রার্থীগণ মনোনয়ন পত্রের সাথে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে নিম্নোক্ত কাগজপত্রসমূহ জমা প্রদান করবেনঃ

| | |
|---|---|
| (১) | ঋণখেলাপী কিনা সে বিষয়ে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নকৃত **বাংলাদেশ ব্যাংক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র;** |
| (২) | **কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করেছেন** কিনা সে বিষয়ে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নকৃত জাতীয় রাজস্ব বোর্ড প্রদত্ত **আয়কর, ভ্যাট রিটার্ন ও শুল্ক পরিশোধের মূল সনদপত্র;** |
| (৩) | ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদন্ডে দন্ডিত কিনা এবং তার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হয়েছে কিনা সে বিষয়ে **পুলিশ ক্লিয়ারেন্সের মূল সনদ;** |
| (৪) | প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি। |

(খ) নমিনেশন ফরম সংগ্রহ করার সময় নির্বাচন বোর্ড থেকে বাংলাদেশ ব্যাংক এর সিআইবি ফরম নেয়ার জন্য অনুরোধ করা হলো। সিআইবি ফরম যথাযথভাবে পূরণপূর্বক পূরণকৃত নমিনেশন ফরম-এর সাথে নির্বাচন বোর্ডে জমা দিতে হবে।

(গ) প্রার্থীদের বিভিন্ন পদে নমিনেশন ফরম সংগ্রহ করার জন্য নিম্নোক্ত হারে ফি (অফেরৎযোগ্য) পরিশোধ করতে হবে ঃ

| পদ | নমিনেশন ফি (টাকা) |
|---|---|
| সভাপতি | ১২,০০,০০০/- (বার লক্ষ) |
| সিনিয়র সহ-সভাপতি | ১০,০০,০০০/- (দশ লক্ষ) |
| সহ-সভাপতি | ৯,০০,০০০/- (নয় লক্ষ) |
| পরিচালক | ২,০০,০০০/- (দুই লক্ষ) |



CamScanner

(ঘ) নির্বাচন বোর্ড কর্তৃক বিভিন্ন পদের জন্য নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তফসিলে নির্ধারিত সময় অনুযায়ী নিম্নোক্ত ডকুমেন্টসসহ নির্বাচন বোর্ডে দাখিল করতে হবে:

(১) যথাযথভাবে পূরণকৃত মনোনয়ন ফরম;

(২) ফেডারেশনের নির্বাচনে প্রার্থী হিসেবে অংশগ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সংগঠনের মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত সংক্রান্ত পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী (সংগঠনের সভাপতি কর্তৃক স্বাক্ষরিত);

(৩) নমিনেশন ফরম বাবদ নির্ধারিত ফি ও প্রজেকশন মিটিং-এর নির্ধারিত ফি পরিশোধের এফবিসিসিআই-এর রশিদ।

(৪) মনোনয়ন ফরম-এ উল্লিখিত অন্যান্য ডকুমেন্টস;

(ঙ) নির্বাচন তফসিলে উল্লিখিত নির্ধারিত সময়ের পর কোন মনোনয়ন ফরম গ্রহণ করা হবে না।

(চ) পূরণকৃত ফরমে কোনো ঘষামাজা/কাটাকাটি থাকলে তা বাতিল হবে।

(ছ) **একজন প্রার্থী শুধুমাত্র একটি পদেই নির্বাচন** করতে পারবেন। একাধিক পদে মনোনয়ন ফরম দাখিল করা হলে সকল মনোনয়ন বাতিল হবে।

(জ) প্রার্থী মনোনয়ন ফরম কোন কারণে হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে নির্বাচন বোর্ড বরাবর আবেদনের সাথে ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধপূর্বক ডুপ্লিকেট ফরম সংগ্রহ করা যাবে।

(ঝ) নির্বাচনের আচরণ বিধি যথাযথভাবে প্রতিপালন করবেন মর্মে প্রার্থীগণকে নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত নমিনেশন ফরমের সাথে ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্প-এ **স্বাক্ষরিত ঘোষণাপত্র** প্রদান করতে হবে।

১১. **কোনো প্রার্থী পদ প্রত্যাহার করতে চাইলে** তফসিলে বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন বোর্ডের নিকট উপস্থিত হয়ে **নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত লিখিত আবেদন** করতে হবে।

১২. নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে প্রার্থী পরিচিতি সভা (প্রজেকশন মিটিং) আয়োজনের জন্য প্রত্যেক প্রার্থীকে নমিনেশন ফি'র সাথে নিম্নোক্ত হারে আবশ্যিকভাবে প্রজেকশন মিটিং চার্জ পরিশোধ (ব্যাংক ড্রাফট/চেক/নগদ) করতে হবে :

| পদ | প্রজেকশন মিটিং চার্জ (টাকা) |
|---|---|
| সভাপতি | ২৫,০০০/- (পঁচিশ হাজার) |
| সিনিয়র সহ-সভাপতি | ২০,০০০/- (বিশ হাজার) |
| সহ-সভাপতি | ২০,০০০/- (বিশ হাজার) |
| পরিচালক | ১৫,০০০/- (পনের হাজার) |

১৩. ফেডারেশনের ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ মেয়াদের নির্বাচনে **এসোসিয়েশন হতে সভাপতি এবং চেম্বার হতে সিনিয়র সহ-সভাপতি নির্বাচিত হবেন**। ২ (দুই) জন সহ-সভাপতির মধ্যে **একজন চেম্বার হতে এবং একজন এসোসিয়েশন** হতে নির্বাচিত হবেন।

১৪. (ক) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সাধারণ পরিষদের সকল সদস্য পরিচালনা পর্ষদের নির্বাচনে সকল পদে **প্রার্থী হিসাবে অংশগ্রহণ এবং ভোটাধিকার প্রয়োগ** করতে পারবেন।

(খ) ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত নাই এরূপ কোনো ব্যক্তি নির্বাচনে প্রার্থী বা তার প্রস্তাবকারী বা সমর্থনকারী হতে পারবেন না।

(গ) **এসোসিয়েশন গ্রুপের সকল ভোটার** গোপন ব্যালটের মাধ্যমে স্বশরীরে সরাসরি ভোটে **এসোসিয়েশন গ্রুপ হতে মোট ১৫ (পনেরো) জন পরিচালক** নির্বাচিত করবেন।

(ঘ) **চেম্বার গ্রুপের সকল ভোটার** গোপন ব্যালটের মাধ্যমে স্বশরীরে সরাসরি ভোটে **চেম্বার গ্রুপ হতে মোট ১৫ (পনেরো) জন পরিচালক** নির্বাচিত করবেন।

(ঙ) **চেম্বার ও এসোসিয়েশন উভয় গ্রুপের সকল ভোটার** প্রত্যক্ষ ও গোপন ভোটে **সভাপতি, সিনিয়র সহ-সভাপতি এবং সহ-সভাপতি** নির্বাচিত করবেন ।

১৫. (ক) **এসোসিয়েশন গ্রুপের একজন ভোটারকে আবশ্যিকভাবে প্রতিটি পদের নির্বাচনের জন্য নিম্নোক্তরূপে তার ভোট প্রয়োগ করতে হবে।** অন্যথায় তার ভোট বাতিল বলে গণ্য হবে:

| পদ | পদের সংখ্যা |
|---|---|
| **সভাপতি :**<br>(সভাপতি পদে ১টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।) | ১ জন |
| **সিনিয়র সহ-সভাপতি :**<br>(সিনিয়র সহ-সভাপতি পদে ১টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।) | ১ জন |
| **সহ-সভাপতি :**<br>(সহ-সভাপতি পদে ২টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।) | এসোসিয়েশন গ্রুপের -১ জন<br>চেম্বার গ্রুপের - ১ জন<br>মোট- ২ জন |
| **এসোসিয়েশন হতে নির্বাচিত পরিচালক :**<br>(এসোসিয়েশন গ্রুপের পরিচালক পদে ১৫টি ভোট দিতে হবে। কম বেশি হলে ভোট বাতিল হবে।) | ১৫ জন |

(খ) **চেম্বার গ্রুপের একজন ভোটারকে আবশ্যিকভাবে প্রতিটি পদের নির্বাচনের জন্য নিম্নোক্তরূপে তার ভোট প্রয়োগ করতে হবে।** অন্যথায় তার ভোট বাতিল বলে গণ্য হবে:

| পদ | পদের সংখ্যা |
|---|---|
| **সভাপতি :**<br>(সভাপতি পদে ১টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।) | ১ জন |
| **সিনিয়র সহ-সভাপতি :**<br>(সিনিয়র সহ-সভাপতি পদে ১টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।) | ১ জন |
| **সহ-সভাপতি :**<br>(সহ-সভাপতি পদে ২টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।) | চেম্বার গ্রুপের - ১ জন<br>এসোসিয়েশন গ্রুপের -১ জন<br>মোট- ২ জন |
| **চেম্বার হতে নির্বাচিত পরিচালক :**<br>(চেম্বার গ্রুপের পরিচালক পদে ১৫টি ভোট দিতে হবে। কম বেশি হলে ভোট বাতিল হবে। ) | ১৫ জন |

১৬. ফেডারেশনের পরিচালনা পর্ষদে কোনো ব্যক্তি **পরপর ২ (দুই) মেয়াদ শেষে অন্যূন একটি নির্বাচনে অংশগ্রহণ না করে পরবর্তীতে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এর আওতায় নির্বাচিত বা মনোনীত সকল প্রতিনিধির ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হবে।**

১৭. নির্বাচনের ফলাফল সম্পর্কে কোন প্রার্থী আপিল বোর্ডে আপত্তি দাখিল করতে চাইলে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ব্যাংক ড্রাফট/নগদ আকারে জমাদানপূর্বক তফসিলে নির্ধারিত সময় অনুযায়ী আপিল করতে পারবে।

১৮. এফবিসিসিআইয়ের নির্বাচন কার্যক্রম বাণিজ্য সংগঠন আইন -২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা -২০২৫ এবং এফবিসিসিআইয়ের সর্বশেষ সংশোধিত সংঘবিধি ও সংঘ-স্মারক অনুযায়ী সম্পাদিত হবে। আইন ও বিধিমালার সাথে সংঘবিধি ও সংঘ-স্মারক-এর কোন বিষয় সাংঘর্ষিক হলে সেক্ষেত্রে আইন ও বিধিমালার বিধানাবলী অগ্রাধিকার পাবে।

১৯. নির্বাচন আয়োজনের জন্য ভেন্যু নির্ধারণ করে নির্বাচন বোর্ড যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।

২০. যদি দৈব-দূর্বিপাক বা নিয়ন্ত্রণ বর্হিভূত/অনিবার্য কারণে নির্বাচন তফসিলে উল্লিখিত কোন কার্যক্রম নির্দিষ্ট দিনে সম্পন্ন করা সম্ভব না হয়, তবে উক্ত কার্যক্রম নির্ধারিত দিনের পরবর্তী দিনে সম্পন্ন করা হবে।



CamScanner

২১. নির্বাচন কার্যক্রমের জন্য এফবিসিসিআই সচিবালয় প্রতিদিন (শনিবার-বৃহস্পতিবার) সকাল ৯:৩০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত খোলা থাকবে। তবে নির্বাচন তফসিলে উল্লিখিত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনে ছুটির দিনেও এফবিসিসিআই কার্যালয় খোলা থাকবে।

২২. সকল ভোটার, প্রার্থী ও সংশ্লিষ্টদের নির্বাচন আচরণ বিধি (সংযুক্তি-২) যথাযথভাবে মেনে চলতে হবে।

| | | |
|---|---|---|
| **(মুস্তাফিজুর রহমান)** | **(মুর্শেদা জামান)** | **(মোঃ আব্দুর রাজ্জাক)** |
| সদস্য | সদস্য | চেয়ারম্যান |
| এফবিসিসিআই নির্বাচন বোর্ড | এফবিসিসিআই নির্বাচন বোর্ড | এফবিসিসিআই নির্বাচন বোর্ড |

সংযুক্তি : (১) নির্বাচন তফসিল।
(২) আচরণবিধি।



CamScanner

THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

# FBCCI Election Board

**Annexure: -1**
**Date: 18/06/2025**

## SCHEDULE OF FBCCI BOARD OF DIRECTORS ELECTION

**(2025-26 & 2026-27)**

| Sl. | Events | Date, Day and Time |
|---|---|---|
| 1. | **Issuance of Notice of Election** and calling of nominations to the General Body. | June 18, 2025<br>Wednesday |
| 2. | **Last date and time of receiving nominations** of Members for the General Body, for the term 2025-26 & 2026-27. | July 2, 2025<br>Wednesday<br>5:00 PM |
| 3. | **Last date and time for payment of subscriptions** for 2025 and arrears, if any. | July 9, 2025<br>Wednesday<br>5:00 PM |
| 4. | Publication of **Preliminary Voters' List** by the Election Board. | July 18, 2025<br>Friday |
| 5. | Last date of **filing of objection to the Election Appeal** Board **against the Preliminary Voters' List,** if any. | July 21, 2025<br>Monday<br>5:00 PM |
| 6. | **Hearing and disposal of objection** to the Preliminary Voters' List by the Election Appeal Board. | July 22-24, 2025<br>Tuesday-Thursday |
| 7. | Publication of **Final Voters' List** by the Election Board. | July 26, 2025<br>Saturday |
| 8. | Last date and time of **Submission of Nominations** for the posts of President, Senior Vice President, Vice Presidents and Directors. | August 1, 2025<br>Friday<br>5:00 PM |
| 9. | **Scrutiny of nomination papers** by the Election Board for the posts of President, Senior Vice President, Vice Presidents and Directors. | August 2-8, 2025<br>Saturday-Friday |
| 10. | Publication of the **Primary List of Valid Candidates** for the posts of President, Senior Vice President, Vice Presidents and Directors. | August 8, 2025<br>Friday |
| 11. | Last date and time for **filing appeal** to the Election Appeal Board **against the cancellation of any nominations** for the posts of President, Senior Vice President, Vice Presidents and Directors. | August 10, 2025<br>Sunday<br>5:00 PM |
| 12. | **Hearing and disposal of appeal** against the cancellation of nominations by the Election Appeal Board. | August 11-13, 2025<br>Monday-Wednesday |
| 13. | Publication of the **Final List of Valid Candidates** for the posts of President, Senior Vice President, Vice Presidents and Directors by the Election Board. | August 14, 2025<br>Thursday |



FBCCI ICON
60 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh

Phone : +88-02-223381470, 223350002
PABX : +88-02-223381233, 223380103
Fax : +88-02-223355902

E-mail : secretariat@fbcci.org
web : fbcci.org

CamScanner

| Sl. | Events | Date, Day and Time |
|---|---|---|
| 14. | Last date & time of **withdrawal of Candidature.** | August 16, 2025<br>Saturday<br>2:00 PM |
| 15. | Publication of **Final List of Candidates** by the Election Board. | August 16, 2025<br>Saturday |
| 16. | **Election for the posts of President, Senior Vice President, Vice Presidents and Directors** | **September 7, 2025<br>Sunday<br>from 9:00 a.m. to 4:00 p.m.<br>without break** |
| 17. | **Publication of the result** of Election by the Election Board | After counting votes |
| 18. | Date and time of filing appeal to the Election **Appeal Board on matters related to conducting the Election.** | September 8, 2025<br>Monday<br>5:00 PM |
| 19. | Disposal of appeal by the Election Appeal Board and communication of decision to the Election Board. | September 10, 2025<br>Wednesday<br>5:00 PM |
| 20. | Publication of result of Election Board. | September 11, 2025<br>Thursday |
| 21. | Last date and time of filing appeal to the Election **Appeal Board against the result of Election,** if any. | September 13, 2025<br>Saturday<br>5:00 PM |
| 22. | Disposal of appeal by the Election Appeal Board and communication of decision to the Election Board. | September 14-16, 2025<br>Sunday- Tuesday |
| 23. | Publication of **Final result of Election** by the Election Board. | September 17, 2025<br>Wednesday |

**(Mustafizur Rahman)**
Member
FBCCI Election Board

**(Mursheda Zaman)**
Member
FBCCI Election Board

**(Md. Abdur Razzak)**
Chairman
FBCCI Election Board



CamScanner

# THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

FBCCI — THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

## এফবিসিসিআই নির্বাচন বোর্ড

সংযুক্তি-২

## এফবিসিসিআই পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৫-২৬ ও ২০২৬-২৭)

### আচরণ বিধি

এফবিসিসিআই নির্বাচন তফসিল ঘোষণার দিন হতে নির্বাচন কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত নিম্নোক্ত নির্বাচন আচরণ বিধি কার্যকর থাকবে:

১. (ক) নির্বাচন উপলক্ষে কোন প্রকার বিল বোর্ডের মাধ্যমে প্রচার, প্লেকার্ড ও দেয়াল লিখন, ব্যানার ব্যবহার কিংবা মিছিল ও শ্লোগান দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ।

(খ) টিভি, রেডিও বা অন্য কোন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় নির্বাচনী বিজ্ঞপ্তি প্রকাশ/প্রচার করা যাবে না।

(গ) শুধুমাত্র এ-৪ সাইজের (সাদাকালো) লিফলেট-এর মাধ্যমে নির্বাচনী প্রচারণা চালানো যাবে।

(ঘ) কোন প্রার্থী ভোটারদের কোন প্রকার উপঢৌকন (গিফট) প্রদান করতে পারবেন না।

(ঙ) ভোটারদের উদ্দেশ্যে নিজ নিজ বাণিজ্য সংগঠনে বা ওয়েব সাইটে প্রার্থী পরিচিতি এবং প্রচারপত্র প্রকাশ করা যাবে। তবে ব্যক্তিগত কুৎসা, অশালীন বা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না।

২. কোন প্রার্থী একক বা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোঁরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতিমূলক অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং এতে অংশগ্রহণ করতে পারবে না।

৩. এফবিসিসিআই নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে প্রার্থী পরিচিতি সভা (প্রজেকশন মিটিং) আয়োজন করা হবে। নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হবে। নির্বাচন বোর্ডের অন্যান্য সদস্যগণ সভায় উপস্থিত থাকবেন। সভায় প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য উপস্থাপন করতে পারবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন বা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয়ভার নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীদের উপর নির্ধারিত হারে ফি ধার্য করবেন।

৪. নির্বাচন শুরু হওয়ার ৪৮ ঘন্টা পূর্বে সকল ধরনের প্রচারণা বন্ধ করতে হবে।

৫. নির্বাচন অনুষ্ঠানের দিনে ভোট কেন্দ্রের ১০০ (একশত) গজের মধ্যে কোন প্রার্থী বা ভোটার বা এজেন্ট বা সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণভাবে নিষিদ্ধ থাকবে।

৬. ভোট প্রদানের পর ভোট কেন্দ্রে কোন প্রার্থী বা ভোটার অপ্রয়োজনে ঘোরাঘুরি বা প্রচারনা চালাতে পারবেন না।

৭. কোন ব্যক্তি বা ভোটার নির্বাচন আচরণ বিধি লংঘন করলে তার বিরুদ্ধে নির্বাচন বোর্ড তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করবেন। অভিযোগ প্রমান সাপেক্ষে প্রয়োজনে নির্বাচন বোর্ড প্রার্থীর প্রার্থীতা বাতিল করবেন এবং ভোটারকে ভোট কেন্দ্র ত্যাগ করার নির্দেশনা প্রদান করবেন।

৮. নির্ধারিত নির্বাচনী বিধি প্রার্থী ও ভোটার কর্তৃক নির্বাচনে যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যবেক্ষণের জন্য নির্বাচন বোর্ড ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠন করবে।

৯. ভোট চলাকালীন সময়ে ভোট কেন্দ্রে কতজন ভোটার একই সময়ে অবস্থান করবেন তা নির্বাচন বোর্ড নির্ধারণ করবেন। শুধুমাত্র নির্বাচন বোর্ড ও আপিল বোর্ডের সদস্যবৃন্দ, নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, প্রার্থী ও ভোটারগণ ভোট কেন্দ্রে অবস্থান করতে পারবে।

১০. ভোট প্রয়োগ করার জন্য একই সময়ে শুধুমাত্র একজন ভোটার পোলিং বুথে অবস্থান করতে পারবেন। কোন ভোটার ব্যালট পেপার পোলিং বুথের বাইরে আনতে পারবেন না।

FBCCI ICON
60 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh

Phone : +88-02-223381470, 223350002
PABX : +88-02-223381233, 223380103
Fax : +88-02-223355902

E-mail : secretariat@fbcci.org
web : fbcci.org

CamScanner

১১. প্রার্থীগণ নির্বাচন কেন্দ্রে নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে অবস্থান করবেন। ভোট প্রদান ব্যতীত প্রার্থীগণ পোলিং বুথে প্রবেশ করতে পারবেন না।

১২. ভোট চলাকালীন সময়ে কোন প্রার্থী ভোট কেন্দ্রে প্রচারনা চালাতে পারবেন না বা ভোটারদের সাথে অযথা কথা-বার্তা বলতে পারবেন না। কোন প্রার্থী এ ধরনের কর্মকান্ডে লিপ্ত হলে বা আচরণ বিধি ভঙ্গ করলে অভিযোগ প্রমাণ সাপেক্ষে নির্বাচন বোর্ড তার প্রার্থীতা বাতিল করতে পারবেন।

১৩. নির্বাচন বোর্ড ব্যালট পেপারের নমুনা নির্ধারণ করবে। ব্যালট পেপারের ১ম অংশে ব্যালট পেপার নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পেপারে এফবিসিসিআই-এর সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর থাকবে। অন্যথায় ব্যালট পেপার গ্রহণযোগ্য বা বৈধ হবে না।

১৪. ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং ই-টিন নম্বর উল্লেখ থাকবে। নির্বাচন বোর্ডের দপ্তরে রক্ষিত সদস্য সংগঠনসমূহ কর্তৃক মনোনীত সদস্যদের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হবে। উক্ত পরিচিতি পত্র না থাকলে অথবা স্বাক্ষরের গড়মিল হলে ভোট প্রদান করা যাবে না।

১৫. পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতভাবে ভোটার সনাক্ত করা হলে নির্বাচনী কর্মকর্তা ভোটার নম্বর লিপিবদ্ধ করে ব্যালট পেপারের ১ম অংশে উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর প্রদান সাপেক্ষে ব্যালট পেপারের অপর অংশটি ভোটারকে প্রদান করবেন। সেসাথে চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নামের বিপরীতে ব্যালট পেপার নম্বর লিপিবদ্ধ করে ভোটারের ভোট প্রয়োগ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একই পদে একাধিক ব্যালট পেপার প্রদান করা হবে না।

১৬. শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করবেন।

১৭. ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করে শূন্যতার নিশ্চয়তার বিধানপূর্বক ব্যালট বক্সটি বন্ধ ও সীল করবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে রাখবেন।

১৮. প্রতিটি পদের জন্য পৃথক পৃথক ব্যালট বক্স দেয়া থাকবে। একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে একই পদের একাধিক ব্যালট বক্স ব্যবহার করা যাবে না। একটি ব্যালট বক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বক্সটি সীল করে নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করত: উহার স্থলে অপর একটি শূন্য সীলকৃত ব্যালট বক্সে ভোট গ্রহণ করবেন।

১৯. নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাক্স সীল করে রাখা হবে। নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সীলকৃত অবস্থায় ব্যালট বক্সসমূহ সংরক্ষিত থাকবে।

২০. নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে সকল ভোটার ভোট প্রদান করবেন।

২১. ভোট প্রদানের নির্ধারিত সময় সমাপ্ত হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। ভোট গ্রহণ কার্যক্রম শেষ হওয়ার পরপরই ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁর পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন।

(মুস্তাফিজুর রহমান)
সদস্য
এফবিসিসিআই নির্বাচন বোর্ড

(মুর্শেদা জামান)
সদস্য
এফবিসিসিআই নির্বাচন বোর্ড

(মোঃ আব্দুর রাজ্জাক)
চেয়ারম্যান
এফবিসিসিআই নির্বাচন বোর্ড



CamScanner